

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৯৫টি প্রতিষ্ঠানকে ৬.৬৯ লক্ষ টাকা জরিমানা

২৩ এপ্রিল ২০১৯ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৩৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, গোপালগঞ্জ, গাজীপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, মুন্সীগঞ্জ, শেরপুর, মানিকগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, চাঁপাইনবাবগঞ্জ, সুনামগঞ্জ, মৌলভীবাজার, বরগুনা, ঝিনাইদহ, কুষ্টিয়া, রাজশাহী, সাতক্ষীরা, নাটোর, মাগুরা, যশোর, ফেনী, রংপুর, গাইবান্ধা, কক্সবাজার, নোয়াখালী, বরিশাল, চুয়াডাঙ্গা ও কুড়িগ্রামে বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতানা, জনাব ফাহমিনা আক্তার, জনাব জান্নাতুল ফেরদাউস ও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক রমনা, তেজগাঁও এবং মোহাম্মদপুর এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে বরিশাল হোটেল এন্ড রেস্টুরেন্ট, রাজধানী মিষ্টান্ন ভান্ডারকে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে নিউ পাবনা জেনারেল স্টোর, রাফি স্টোর, সোহেল স্টোরকে যথাক্রমে ৩,০০০/- (তিন হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ৭,০০০/- (সাত হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রির অপরাধে বিসমিল্লাহ জেনারেল স্টোর, বেষ্ট মেডিসিন, আয়শা ফার্মেসী একতা জেনারেল স্টোর, ইকবাল ফুড ও তাজরীন মেডিসিনকে যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে ডেল্টা হেলথ কেয়ারকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকাসহ মোট ১,৭৫,০০০/- (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী ৩২টি বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপি, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৭৮টি প্রতিষ্ঠানকে ৪,৪৩,৫০০/- (চার লক্ষ তেঁতাল্লিশ হাজার পঁচাত্তর) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় ও প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ৫টি প্রতিষ্ঠানকে ৫১,০০০/- (একাল হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৫ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১২,৭৫০/- (বার হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

গত ২৩ এপ্রিল ২০১৯ তারিখে ৩৬টি বাজার তদারকি ও ৫টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৯৫টি প্রতিষ্ঠানকে মোট ৬,৬৯,৫০০/- (ছয় লক্ষ ঊনসত্তর হাজার পঁচাত্তর) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে ৫ জন অভিযোগকারীকে ১২,৭৫০/- (বার হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

আফরোজা রহমান

সহকারী পরিচালক

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

- ১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থ নীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ভোক্তা কণ্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্য র্থে (তৌর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান তথ্য কর্ম কর্তৃ পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার (সকল)।
- ৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। পুলিশ সুপার (সকল)।
- ৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনসংযোগ কর্ম কর্তৃ বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।